

চোপড়ার চাষী ভারতের শ্রেষ্ঠ কৃষক সন্মানে ভূষিত

চোপড়া : উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীনে চোপড়ায় অবস্থিত উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র সারা বছর ধরে উত্তর দিনাজপুর জেলার সমস্ত কৃষক ভাই, বোনেদের কৃষি তথা কৃষি সম্বন্ধীয় বিভিন্ন বিষয়ের উপর উন্নত এবং অত্যাধুনিক প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী তথা উন্নত জীবন ধারণের জন্য গত ২০০৫ সাল থেকে নিরলস ভাবে কাজ করে চলেছে। গত কয়েক বছর ধরে লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক চাষী ভাই, বোন উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে উন্নত এবং আধুনিক কৃষি পদ্ধতিতে প্রশিক্ষণ লক্ষ জ্ঞানের মাধ্যমে নিজেদেরকে জীবন যাত্রা কে উন্নতস্তরে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছেন। তাই ফল স্বরূপ গত কয়েক বছর ধরে বিভিন্ন জেলা তথা রাজ্য ও সর্বভারতীয় ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের শিরোপা ছিনিয়ে নিতে সক্ষম হয়েছেন।

উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র গত কয়েক বছর থেকে প্রান্তিক কৃষকদের অল্প জমিকে ব্যবহার করে কি করে আর্থিক ভাবে স্বাবলম্বী হওয়া যায় তার উপর বিশেষ ভাবে জোর দিয়ে আসছে। তাই ফল স্বরূপ চোপড়া ঝাকের গোলামীগছ গ্রামের শ্রীমতি সুশিলা টুডু নিজের অল্প জমিকে ব্যবহার করে ব্যবসায়িক ভিত্তিতে মাশরুম চাষের লক্ষ্যে উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে প্রশিক্ষণ লাভ করেণ এবং উৎপন্ন মাশরুম নিকটবর্তী বাজার ও শিলিগুড়িতে বিক্রী করে আর্থিক ভাবে স্বাবলম্বী হন।

ভারতের বিশিষ্ট মাহিন্দ্রা কোম্পানী প্রতি বছর কৃষকদের কৃতি কাজে উৎসাহ প্রদানের লক্ষ্যে ভারতের প্রতিটি কৃষি বিজ্ঞান কেন্দ্র ও কৃষি বিশ্ববিদ্যালয় মাধ্যমে প্রতিটি জেলা থেকে কৃতি কৃষকদের উল্লেখযোগ্য কাজের জন্য উৎসাহিত করার জন্য পুরস্কার প্রদানের উদ্দেশ্যে আবেদন গ্রহন করে থাকেন। এই বছর উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে শ্রীমতি সুশিলা টুডুকে মাশরুম চাষে উল্লেখযোগ্য কাজের জন্য এবং শ্রী শ্যাম চন্দ্র লালা মহাশয়কে, মাছোল, করননদীয়া থেকে শুণ্য কর্ষণ পদ্ধতিতে ধান ও গম চাষের উল্লেখযোগ্য অবদানের জন্য মাহিন্দ্রা সমৃদ্ধি পুরস্কারের জন্য কৃষি বিজ্ঞান কেন্দ্র থেকে মনোনীত করা হয়।

উল্লেখিত কৃষকদের অসাধারণ কাজের স্বীকৃতি স্বরূপ শ্রীমতি সুশিলা টুড়ু মহাশয়কে সফল মাশরুম উৎপাদনে উদ্যোগীরপে ভারতবর্ষের শ্রেষ্ঠ মহিলা কৃষক হিসাবে সন্মানীত করা হয় । এবং শ্রী শ্যাম চন্দ্র লালা মহাশয়কে শুণ্য কর্ষণ পদ্ধতিতে চাষাবাদের জন্য আঞ্চলিক ক্ষেত্রে শ্রেষ্ঠ কৃষকের সন্মানে পুরস্কৃত করা হয় । মাহিন্দ্রা সমৃদ্ধি পুরস্কার মার্চের ৭, ২০১৮ তারিখে নতুন দিল্লীতে অনুষ্ঠিত হয় । কৃষকদের সেখানে উপস্থিত থেকে পুরস্কার গ্রহণ করার জন্য স্বামী - স্ত্রী উভয়কে বাগড়োগরা থেকে দিল্লীতে এবং দিল্লী থেকে বাগড়োগরা ফেরার বিমানের টিকিট প্রদান করা হয় । শ্রীমতু সুশিলা টুড়ু মহাশয়কে ভারতের শ্রেষ্ঠ কৃষক রমনী নির্বাচিত করার জন্য পুরস্কার মূল্য হিসাবে ২ লক্ষ টাকা ও শংসাপত্র দেওয়া হয় এবং শ্রী শ্যাম চন্দ্র লালা মহাশয়কে আঞ্চলিক ক্ষেত্রে শ্রেষ্ঠ কৃষক নির্বাচিত হওয়ার জন্য পঞ্চাশ হাজার টাকা ও শংসাপত্র দেওয়া হয় । দিল্লী থেকে ফেরার পর উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র তথা উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের পক্ষ্য থেকে কৃতি কৃষকদের সন্মানের সঙ্গে বরণ করে নেওয়া হয় এবং ভবিষ্যতে আরো এমন অনেক কৃষক উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্রের ছত্র ছায়ায় গড়ে উঠবে বলে আশা করা হয় ।